গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৩ - জুন ৩০, ২০২৪

## সূচিপত্র


বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ............ ৩

প্রস্তাবনা ............ ৪

সেকশন ১: বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ............ ৫

সেকশন ২: বিভাগীয় অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ............ ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ............ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ............ ১২

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ............ ১৩

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ............ ১৪

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ............ ১৫

# বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Divisional Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ বিনির্মানের লক্ষ্যে রাষ্ট্রের সামগ্রিক জনগোষ্ঠীর নিবিড় প্রত্যাশা পূরণে নিজ সক্ষমতা অনুযায়ী সর্বোচ্চ প্রয়াস নিয়োজিত করা অন্যতম কাজ। বই পাঠে সর্বসাধারণকে অবিরাম উদ্বুদ্ধ করা এবং বিজ্ঞানভিত্তিক আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত সেবা প্রদান করা এ প্রয়াসের অন্তর্ভুক্ত। বিগত তিন বছর এই দপ্তরে পাঠকসেবার পাশাপাশি বিভিন্ন দিবস উপলক্ষে রচনা, বইপাঠ, হাতের সুন্দর লেখা, আবৃত্তি, কুইজ, চিত্রাংকন ও গল্পবলা ইত্যাদি প্রতিযোগিতা এবং পুস্তক প্রদর্শণীসহ অসংখ্য গ্রুপে/ বিভিন্ন ইভেন্টে মোট ৯৪টি প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রায় ৪০০ জন বিজয়ীকে উপহার হিসাবে বই, ক্রেস্ট ও সনদ প্রদান করা হয়েছে। এসময়ে গণগ্রন্থাগার অধিদপ্তর থেকে বিগত তিন বছরে প্রায় ৫৮২০ (পাঁচ হাজার আটশত বিশ)টি পুস্তক অন্তর্ভুক্ত করে পাঠকদের জন্য পাঠকক্ষে যুক্ত করা হয়েছে। ৭৫,০০০ (পচাত্তর হাজার) জন পাঠকক্ষে পাঠক সেবা প্রদান করা হয়েছে। বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার বরিশালের ওয়েব পোর্টাল তথ্য বাতায়নে সংযুক্ত করা হয়েছে। ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবসটি যথারীতি পালন করা হচ্ছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

সর্বসাধারণের চাহিদামাফিক তথ্য-প্রযুক্তি সম্বলিত তথ্যসেবা প্রদান গণগ্রন্থাগার অধিদপ্তর ও এর আওতাধীন গণগ্রন্থাগারসমূহের প্রধানতম কাজ হওয়ায় এ কাজ সম্পাদনের আবশ্যিক পূর্বশর্ত হলো জনসাধারণের চাহিদামাফিক বই সংগ্রহ করা এবং আধুনিক তথ্য-প্রযুক্তি সম্বলিত তথ্যসেবা প্রদানের সুবিধাদি নিশ্চিত করা। কিন্তু বাজেট বরাদ্দের অপ্রতুলতা, পুস্তকের সংখ্যা-স্বল্পতা, বৃহত্তর-পরিসরে স্থান সংকুলান প্রতিকূলতা, জনবলের সীমাবদ্ধতা এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারে স্থিতিশীল নেটওয়ার্কের অপ্রতুলতা বিভাগীয় সরকারি গণগন্থাগার বরিশালের প্রধান সমস্যা। অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম প্রবর্তন বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল এর উল্লেখযোগ্য চালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

গণগ্রন্থাগার অধিদপ্তরের কার্যক্রমের সাথে সঙ্গতি বজায় রেখে বরিশাল বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের ভবিষ্যৎ পরিকল্পনায় স্বল্পমেয়াদী কার্যক্রমের মধ্যে রয়েছে প্রয়োজনীয় আসবাবপত্র ও পুস্তক সংগ্রহ, গ্রন্থাগার ক্যাম্পাসের প্রয়োজনীয় সৌন্দর্যবর্ধন ও সংস্কার এবং গ্রন্থাগারের নিবন্ধিত সদস্য সংখ্যা বাড়ানো। মধ্যমমেয়াদী পরিকল্পনার মধ্যে রয়েছে জনবল সমস্যা সমাধান ও অনলাইন লাইব্রেরি ম্যানেজমেন্ট সিস্টেম চালু। দীর্ঘমেয়াদি পরিকল্পনার মধ্যে রয়েছে ই-লাইব্রেরি স্থাপনসহ অনলাইন পাঠকসেবা ও ধার সেবা নতুন নতুন সেবার সম্প্রাসারণ।

**২০২৩-২৪ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- - সদর দপ্তর হতে সরবরাহকৃত ১৫০০ (এক হাজার পাঁচশত) খানা পুস্তক পাঠকক্ষে সংযোজন।
- - পাঠকক্ষসমূহে দ্রুত গতির ইন্টারনেট সেবা সম্প্রসারণ ও সকলের জন্য উম্মুক্তকরণ নিশ্চিত করা।
- - জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উপলক্ষে বিভিন্ন কার্যক্রম সম্পাদন ও জাতীয় শোক দিবস, স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে এবং অন্যান্য জাতীয় দিবসভিত্তিক রচনা, বইপাঠ, ছড়া, কুইজ, চিত্রাঙ্কন ও আবৃত্তিসহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন ।
- - ৫ ফেব্রুয়ারি জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন ।
- - বেসরকারি গ্রন্থাগারসমূহ পরিদর্শন ও তালিকাভূক্তকরণ।

## প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান কাম উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল

এবং

মহাপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর-এর মধ্যে ২০২৩ সালের ....জুন.... মাসের ..১৮....... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## বিভাগীয় অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

জ্ঞানমনস্ক আলোকিত সমাজ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে বরিশালের সমগ্র জনগোষ্ঠীকে বিজ্ঞান ও আধুনিক তথ্য-প্রযুক্তিভিত্তিক সুবিধাদি-সম্বলিত সময়-সাশ্রয়ী পাঠকসেবা ও তথ্যসেবা প্রদানের মাধ্যমে জ্ঞান ও প্রজ্ঞায় বিকশিত ও সমৃদ্ধকরণ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ বিভাগীয় অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পাঠক উপস্থিতি এবং বিভিন্ন প্রতিযোগিতা উদযাপন।

২. পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পুস্তক সংগ্রহ এবং জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন।

৩. প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

১. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১. বরিশাল বিভাগীয় সরকারি গণগ্রন্থাগারের গৃহীত পাঠসামগ্রী সংগঠন,

২. পাঠাভ্যাস বৃদ্ধিকে উৎসাহিত করতে জাতীয় দিবসসমূহে বিভিন্ন প্রতিযোগিতা যেমন- রচনা, বইপাঠ, গল্পবলা, ছড়া ও কবিতা আবৃত্তি, কুইজ, পাঠচক্র ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন এবং পুরস্কার ও সনদ প্রদান

৩. পাঠকসেবা ও তথ্যসেবা বৃদ্ধিকরণ; ৪. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদান;

৪. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি-ভিত্তিক ইন্টারনেট সেবা প্রদান;

৫. গবেষণা ও রেফারেন্স সেবা বৃদ্ধিকরণ

৬. পুস্তক লেনদেন সেবা প্রদান;

৭. ভ্রাম্যমান গ্রন্থাগার এর মাধ্যমে গ্রন্থ সেবা

৮. বরিশাল জেলার বেসরকারি গ্রন্থাগারসমূহ তালিকাভুক্তিকরণ

৯. দৈনিক পত্রিকা ও সাময়িকী সেবা প্রদান এবং পুরাতন পত্রিকা সেবা প্রদান।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা ২০২৩-২৪ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৪-২০২৫ | ২০২৫-২০২৬ | | |
| পাঠকসেবা | পাঠক উপস্থিতির প্রবৃদ্ধি | হাজার | ২৯.৫২৭ | ৩৬.৯০৫ | ১০৯.৪৬ | ১০৪.৬৮ | ১১৬.৪৮ | প্রযোজ্য নয় | পাঠক উপস্থিতি ও রেফারেন্স রেজিস্টার। |
| | অনুষ্ঠানে অংশগ্রহণের প্রবৃদ্ধি | শতক | ৭.৩৭ | ১০.৮৯ | ২৭.৮৪ | ২৯.২৪ | ৩১.০২ | প্রযোজ্য নয় | সংশ্লিষ্ট রেজিস্টার/প্রতিবেদন/ছবি। |
| জাতীয় গ্রন্থাগার দিবস | জাতীয় গ্রন্থাগার দিবস উযদাপন | তারিখ | ০৫.০২.২০২২ | ০৫.০২.২০২৩ | ০৫.০২.২০২৪ | ০৫.০২.২০২৫ | ০৫.০২.২০২৬ | অধিদপ্তর ও জেলা প্রশাসন এবং বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল | অফিস আদেশ/প্রতিবেদন/ছবি। |
| পুস্তক সংগ্রহ ও প্রক্রিয়াকরন | পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও পাঠকক্ষে প্রদান | হাজার | ২.৩ | ২.৫৯৩ | ১.৫ | ১.৫ | ১.৫ | গণগ্রন্থাগার অধিদপ্তর | অধিদপ্তরের পত্র ও স্থানীয় অন্তর্ভুক্তি রেজিস্টারের ফটোকপি। |
| অনুষ্ঠান | অনুষ্ঠানের প্রবৃদ্ধি | সংখ্যা | ৭ | ৮ | ৮ | ৮ | ৮ | প্রযোজ্য নয় | বিভিন্ন দিবস উপলক্ষে বিজ্ঞপ্তি অংশগ্রহণকারীর/পুরস্কারগ্রহণকারীর সংখ্যা ও ছবি। |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩
# কর্মসম্পাদন পরিকল্পনা

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পাঠক উপস্থিতি এবং বিভিন্ন প্রতিযোগিতা উদযাপন। | ৪০ | [১.১] পাঠকসেবা | [১.১.১] পাঠক উপস্থিতি পুরুষ | সমষ্টি | হাজার | ৫ | ১৫.৫০২ | ২২.৬৪২ | ৬৪.৩ | ৫৭.৮৭ | ৫১.৪৪ | ৪৫.০১ | ৩৮.৫৮ | ৫৭.৫ | ৬৭.১৭ |
| | | | [১.১.২] পাঠক উপস্থিতি নারী | সমষ্টি | হাজার | ৩ | ৮.৬০১ | ৭.৬৮ | ২৩.৭২ | ২১.৩৪৮ | ১৮.৯৮ | ১৬.৬০৪ | ১৪.২৩২ | ২৪.৪৮ | ২৫.০৪ |
| | | | [১.১.৩] পাঠক উপস্থিতি শিশু | সমষ্টি | হাজার | ২ | ৫.৪২৪ | ৬.৬৩৮ | ২১.৪৪ | ১৯.৩০ | ১৭.১৫২ | ১৫.০০৮ | ১২.৮৬৪ | ২২.৭ | ২৪.২৭ |
| | | [১.২] অনুষ্ঠানের সংখ্যা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী | [১.২.১] চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকরীর সংখ্যা | সমষ্টি | শতক | ৫ | ১.৫৬ | ২.৬১ | ৮.৫৬ | ৭.৭০৪ | ৬.৮৫ | ৫.৯৯২ | ৫.১৪ | ৯.২২ | ১০.১ |
| | | | [১.২.২] চিত্রাংকন প্রতিযোগিতায় পুরস্কার গ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | শতক | ৫ | ০.৩০ | ০.৪৬ | ২.১৬ | ১.৯৪৪ | ১.৭৩ | ১.৫১২ | ১.৩০ | ২.৩২ | ২.৪৯ |
| | | | [১.২.৩] অনুষ্ঠান | সমষ্টি | সংখ্যা | ১০ | ৭ | ৮ | ৮ | ৬ | ৫ | ৪ | ৩ | ৮ | ৮ |
| | | | [১.২.৪] রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | শতক | ৫ | ৫.৮১ | ৮.২৮ | ১৯.২৮ | ১৭.৩৫২ | ১৫.৪২৪ | ১৩.৫০ | ১১.৫৭ | ২০.০২ | ২০.৯২ |
| | | | [১.২.৫] রচনা প্রতিযোগিতায় পুরস্কারগ্রহণকারীর সংখ্যা | সমষ্টি | শতক | ৫ | ১.১ | ০.৭৭ | ৪.৭৬ | ৪.২৮৪ | ৩.৮১ | ৩.৩৩২ | ২.৮৬ | ৪.৯৯ | ৫.১১ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **এপিএ স্বাক্ষরকারী অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [২] পাঠকসেবার মানোন্নয়নের লক্ষ্যে পুস্তক সংগ্রহ এবং জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন। | ২০ | [২.১] বিদ্যামান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | [২.১.১] পুস্তক সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ | সমষ্টি | হাজার | ১০ | ২.৩ | ২.৫৯৩ | ১.৫ | ১.৩৫ | ১.২ | ১.০৫ | ০.৯ | ১.৫ | ১.৫ |
| | | | [২.১.২] জাতীয় গ্রন্থাগার দিবস অনুষ্ঠান | তারিখ | তারিখ | ১০ | ০৫.০২.২২ | ০৫.০২.২৩ | ০৫.০২.২৪ | | | | | ০৫.০২.২৫ | ০৫.০২.২৬ |
| [৩] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ১০ | [৩.১] দক্ষতা শেয়ারিং | [৩.১.১] কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পারস্পরিক দক্ষতা শেয়ারিং সেশন | সমষ্টি | সংখ্যা | ১০ | ০ | ২ | ২ | ১ | ১ | ০ | ০ | ২ | ২ |

| কর্মসম্পাদনের ক্ষেত্র | কর্মসম্পাদনের ক্ষেত্রের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০২১-২২ | প্রকৃত অর্জন* ২০২২-২৩ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২৩-২৪ | | | | | প্রক্ষেপণ ২০২৪-২০২৫ | প্রক্ষেপণ ২০২৫-২০২৬ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র** | | | | | | | | | | | | | | | |
| [১] সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ | ৩০ | [১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.১.১] শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.২] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.২.১] ই-গভর্ন্যান্স/ উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ১০ | | | | | | | | | |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৩.১] অভিযোগ প্রতিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৪ | | | | | | | | | |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৪.১] সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |
| | | [১.৫] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়ন | [১.৫.১] তথ্য অধিকার কর্মপরিকল্পনা বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | প্রাপ্ত নম্বর | ৩ | | | | | | | | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল, মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা -এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি মহাপরিচালক (অতিরিক্ত সচিব), গণগ্রন্থাগার অধিদপ্তর, হিসেবে, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল, এর নিকট অঙ্গীকার করছি যে, এ চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

...............................................

প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল।

তারিখ: ২৮.০৬.২০১৬

...............................................

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
গণগ্রন্থাগার অধিদপ্তর
শাহবাগ, ঢাকা।

তারিখ: ২৮/৬/১৬

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | প্রযোজ্য নয় | প্রযোজ্য নয় |

## সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|---|
| [১.১] পাঠকসেবা | [১.১.১] পাঠক উপস্থিতি পুরুষ | বিভাগীয় সরকারি গনগ্রন্থাগার, বরিশাল। | পাঠক উপস্থিতি রেজিস্টার এর প্রতিমাসের প্রথম ও শেষ কর্মদিবসের পাঠক হাজিরার সারমর্ম ও হাজিরার সত্যায়িত ফটোকপি। |
| | [১.১.২] পাঠক উপস্থিতি নারী | বিভাগীয় সরকারি গনগ্রন্থাগার, বরিশাল। | পাঠক উপস্থিতি রেজিস্টার এর প্রতিমাসের প্রথম ও শেষ কর্মদিবসের পাঠক হাজিরার সারমর্ম ও হাজিরার সত্যায়িত ফটোকপি। |
| | [১.১.৩] পাঠক উপস্থিতি শিশু | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | পাঠক উপস্থিতি রেজিস্টার এর প্রতিমাসের প্রথম ও শেষ কর্মদিবসের পাঠক হাজিরার সারমর্ম ও হাজিরার সত্যায়িত ফটোকপি। |
| [১.২] অনুষ্ঠানের সংখ্যা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী | [১.২.১] চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণকরীর সংখ্যা | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | অংশগ্রহণকারীর সংখ্যা ও ছবি। |
| [১.২] অনুষ্ঠানের সংখ্যা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী | [১.২.২] চিত্রাংকন প্রতিযোগিতায় পুরস্কার গ্রহণকারীর সংখ্যা | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | বিজয়ীদের সংখ্যা ও ছবি। |
| | [১.২.৩] অনুষ্ঠান | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | ৭টি অনুষ্ঠানের বিজ্ঞপ্তি/ নোটিশ এবং রচনা জমাদনের ও চিত্রাংকন অংশগ্রহণের ছবি। |
| | [১.২.৪] রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারীর সংখ্যা | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | অংশগ্রহণকারীর সংখ্যা ও ছবি। |
| | [১.২.৫] রচনা প্রতিযোগিতায় পুরস্কারগ্রহণকারীর সংখ্যা | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | বিজয়ীদের সংখ্যা ও ছবি। |
| [২.১] বিদ্যামান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | [২.১.১] পুস্তক সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | প্রাপ্ত বইয়ের তালিকা/পুস্তক অন্তর্ভুক্তি রেজিষ্টার এর ছবি এবং বই গ্রহণ সংক্রান্ত চিঠিপত্র। |
| | [২.১.২] জাতীয় গ্রন্থাগার দিবস অনুষ্ঠান | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | দিবস সম্পর্কিত সভার নোটিশ, রেজুলেশন, ছবি এবং দিবস সম্পর্কিত প্রতিবেদনের কপি। |
| [৩.১] দক্ষতা শেয়ারিং | [৩.১.১] কর্মকর্তা/কর্মচারীদের মধ্যে পারস্পরিক দক্ষতা শেয়ারিং সেশন | বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, বরিশাল। | নোটিশ/উপস্থিতির তালিকা ও ছবি। |

## সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | যেসকল অফিসের সাথে সংশ্লিষ্ট | সংশ্লিষ্ট অফিসের সাথে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| বিদ্যামান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | পুস্তক সংগ্রহ, প্রক্রিয়াকরণ ও সংরক্ষণ | গণগ্রন্থাগার অধিদপ্তর | পত্র যোগাযোগের মাধ্যমে অথবা সভায় উপস্থিত হয়ে পরস্পরিক আলোচনা ও গৃহীত সিদ্ধান্তের মাধ্যমে বাস্তবায়নযোগ্য। |
| বিদ্যামান গণগ্রন্থাগারসমূহের জন্য পাঠক চাহিদা মোতাবেক পাঠসামগ্রী সংগ্রহ ও জাতীয় গ্রন্থাগার দিবস উদযাপন | জাতীয় গ্রন্থাগার দিবস অনুষ্ঠান | গণগ্রন্থাগার অধিদপ্তর | পত্র যোগাযোগের মাধ্যমে অথবা সভায় উপস্থিত হয়ে পরস্পরিক আলোচনা ও গৃহীত সিদ্ধান্তের মাধ্যমে বাস্তবায়নযোগ্য। |